দৈনিক
আমাদের সময়

তারিখ ... 27 JUN 2016 ...
পৃষ্ঠা ...৭... কলাম ২ ...

# শাবিতে ৯৯ কোটি টাকার বাজেট ঘোষণা

শাবি প্রতিনিধি •

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবি) ২০১৬-১৭ অর্থবছরের ৯৯ কোটি ৩০ লাখ টাকার বাজেট ঘোষণা করা হয়েছে। গতকাল রোববার বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ইলিয়াস উদ্দীন বিশ্বাস প্রায় শতকোটি টাকার এই বাজেট ঘোষণা করেন। এ বছর বাজেটে সর্বোচ্চ বেতনভাতা বাবদ ৭১ কোটি ৭০ লাখ টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। এ ছাড়া পেনশন মঞ্জুরি খাতে ৯ কোটি ৫০ লাখ, অন্যান্য মঞ্জুরি খাতে ১৫ কোটি ১০ লাখ এবং মূলধন মঞ্জুরি খাতে ৩ কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়েছে।

এদিকে এবারের বাজেটেও অবহেলিত শিক্ষা ও গবেষণা খাত। শিক্ষা ও আনুষঙ্গিক খাতে মাত্র ৯৯ লাখ টাকা বরাদ্দ দেওয়া হয়েছে যা মোট বাজেটের প্রায় ১ শতাংশ। এ ছাড়া বাজেটে উন্নয়ন খাতে আপাতত বরাদ্দ নেই বলে জানান কোষাধ্যক্ষ অধ্যাপক ইলিয়াস উদ্দীন বিশ্বাস। এ সময় তিনি সাংবাদিকদের জানান, নতুন বছরে বেতনভাতা প্রায় দ্বিগুণ বৃদ্ধি পাওয়ায় বাজেটের পরিমাণ বেড়েছে।